



তথ্যবিবরণী

নম্বর-১৯৩

যারাই অপরাধী তারাই ডেভিল হান্ট অপারেশনে ধরা পড়বে

- স্বরাষ্ট্র উপদেষ্টা

রাজশাহী; ২৭ মাঘ (১০ ফেব্রুয়ারি):

স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, যারাই অপরাধী তারাই ডেভিল হান্ট অপারেশনে ধরা পড়বে। এ ক্ষেত্রে কে ছোট কে বড়-এটা দেখা হবে না। আমাদের আইন-শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাদেরও আমরা ছাড় দেইনি। প্রথম দিনেই পাঁচজনকে আইনের আওতায় নেওয়া হয়েছে। এক্ষেত্রে বড়-ছোট কোনো ভেদাভেদ নেই।

আজ (১০ ফেব্রুয়ারি) দুপুরে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে 'ডেভিল হান্ট অপারেশনের মধ্যে কারা পড়বে'- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সশস্ত্রবাহিনী বিভাগ এবং স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের দপ্তর-সংস্থার রাজশাহী অঞ্চলের কর্মকর্তাদের সাথে মতবিনিময় শেষে সমসাময়িক বিষয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন উপদেষ্টা মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

ডেভিল হান্ট অপারেশন কতদিন চলবে- এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, ডেভিল হান্ট অপারেশন চলবে ততদিন পর্যন্ত যতদিন পর্যন্ত ডেভিল এখান থেকে মুক্ত না হয়।

রমজানে মানুষ শান্তিতে থাকবে কিনা জানতে চাইলে জাহাঙ্গীর আলম বলেন, কোনো সমস্যা হলে আপনারা যদি আগেই জানিয়ে দেন তাহলে সরকার সঠিক পদক্ষেপ নিতে পারবে। আমরা আশা করছি, এবার জিনিসপত্রের দাম সহনীয় পর্যায়ে থাকবে। ছোলা, খেজুর এগুলোর সরবরাহ খুব ভালো, তেলেও কোনো সমস্যা নেই। রমজানের সময় যেন জিনিসপত্রের দাম সহনীয় থাকে সেজন্য প্রচার করতে তিনি সাংবাদিকদের অনুরোধ জানান।

ব্যক্তি আক্রোশে ৫ আগস্টের পর অনেকের নাম মামলায় চুকিয়ে দেওয়া হয়েছে, ডেভিল হান্টে এগুলো চিহ্নিত করা হবে কিনা-এমন প্রশ্নে উপদেষ্টা বলেন, নির্দোষ যেন কোনো অবস্থায় শাস্তি না পায় সেজন্য যত ধরনের ব্যবস্থা আছে আমরা তা নিচ্ছি। কোনো নির্দোষ ব্যক্তির কোনোভাবে যেন সাজা না হয় সেজন্য আমরা কমিটি করে দিয়েছি।

বিডিআর বিদ্রোহে যারা চাকরি হারিয়েছে তারা চাকরিতে ফিরবে কিনা জানতে চাইলে উপদেষ্টা বলেন, যদি কেউ দোষী হয়ে চাকরি হারায় তাহলে তাকে ফেরানো উচিত না। নির্দোষ হলে আদালতের মাধ্যমে প্রমাণ করতে হবে।

সার সংকট বিষয়ক প্রশ্নের জবাবে তিনি বলেন, দেশে কোনো সারের সংকট নাই। সমস্যা থাকলে ডিসিদের সাথে কথা বলেন, আমরা ব্যবস্থা নেব। কিছু কিছু ডিলার সমস্যা করেছে। বেশি দাম নিলে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।

এসময় মিথ্যা সংবাদের বিরুদ্ধে সঠিক সংবাদ প্রকাশ করায় উপদেষ্টা সাংবাদিকদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি ভারতীয় সীমান্তে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে কাজ করায় চাঁপাইনবাবগঞ্জবাসীকে ধন্যবাদ জানিয়ে উপদেষ্টা আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান জানান।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫:২০ঘ.